

AUG 05 2002

দৈনিক ইকবিতাব

তারিখ
পৃষ্ঠা ৩ কলাম



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

ডাঃ-১০-৭-২০০২

নং-পত্র/ক/৩-১০৭২/১০.০০০

বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০০২ সালের ইবতেদায়ী ৫ম ও দাখিল ৮ম শ্রেণীর কৃতি পরীক্ষা আগামী ২৮-১২-২০০২ তারিখ থেকে অনুষ্ঠিত হবে। পরীক্ষার অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের জন্য নির্ধারিত ফিস রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে ব্যাংক ড্রাফটক্রমে নির্ধারিত নিয়ম ও সময়সূচী অনুযায়ী পরীক্ষার্থীদের দাখিলা, বিবরণী ও রেজিস্ট্রেশনের অনুমতি ফরম সংগ্রহ করে উহা যথাযথভাবে পূরণ করে অত্র বোর্ডের কৃতি শাখায় জমা দেয়ার জন্য সকল মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হচ্ছে।

নিয়মাবলী

- ১। পরীক্ষার্থীদের দাখিলা, বিবরণী ও রেজিস্ট্রেশনের অনুমতি ফরম গ্রহণের নিমিত্তে মাদ্রাসার প্যাডে বর্ণিত ছক মোতাবেক ছাত্র/ছাত্রীদের তালিকা প্রদানপূর্বক প্রতি ছাত্র/ছাত্রীর জন্য নির্ধারিত সকল প্রকার ফিস আগামী ১০-০৮-২০০২ তারিখ থেকে ২০-০৮-২০০২ তারিখ পর্যন্ত (কর্ম দিবসে) এবং বিলম্ব ফিস ২১-০৮-২০০২ তারিখ হতে ২৭-০৮-২০০২ তারিখ পর্যন্ত হিসাব অপর শাখায় ব্যাংক ড্রাফট জমা দিয়ে কৃতি শাখা হতে যাবতীয় ফরম সংগ্রহ করবেন।
- ২। কৃতি শাখায় হাতে হাতে ফরম জমা দেয়ার তারিখ ২১-০৮-২০০২ তারিখ থেকে ২৯-০৮-২০০২ তারিখ পর্যন্ত। উল্লেখ্য যে, ডাকযোগে কোন ফরম গ্রহণ করা হবে না। যাবতীয় ফরম একসঙ্গে জমা দিতে হবে।
- ৩। একজন মাদ্রাসা প্রধান বা তার প্রতিনিধি ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে একাধিক মাদ্রাসার দাখিলা, বিবরণী ও রেজিস্ট্রেশনের অনুমতি ফরম সংগ্রহ ও জমা দিতে পারবেন।
- ৪। ৫ম ও ৮ম শ্রেণী রেজিস্ট্রেশনের অনুমতি ফিস-এর জন্য ১টি ব্যাংক ড্রাফট এবং ৫ম ও ৮ম শ্রেণীর পরীক্ষার ফিস-এর জন্য পৃথক ১টি ব্যাংক ড্রাফট করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই ফরম বিতরণ ও গ্রহণ করা যাবে না।
- ৫। ইবতেদায়ী ৫ম শ্রেণী কৃতি পরীক্ষার্থীদের বয়স ০১-০৩-২০০২ তারিখে ৯ বৎসর ও দাখিল ৮ম শ্রেণীর কৃতি পরীক্ষার্থীদের বয়স ০১-০৩-২০০২ তারিখে ১২ বৎসরের কম হতে পারবে না। পরীক্ষার বিষয় ও পাঠ্যসূচী এবং পরীক্ষার নবদ্র উপবিধিত থাকবে।
- ৬। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত/অনুমতিপ্রাপ্ত স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা হতে ৫ম শ্রেণীতে কমপক্ষে ৫ জন এবং ৮ম শ্রেণীতে কমপক্ষে ৫ জন করে ছাত্র/ছাত্রীদের কৃতি পরীক্ষার অংশগ্রহণ করতে হবে।
- ৭। (ক) ইবতেদায়ী ৫ম শ্রেণীর রেজিস্ট্রেশনের অনুমতি ফিস প্রতি পরীক্ষার্থী ২০ (বিল) টাকা।
(খ) দাখিল ৮ম শ্রেণীর রেজিস্ট্রেশনের অনুমতি ফিস প্রতি পরীক্ষার্থী ২৫ (পঁচিশ) টাকা।
(গ) উভয় শ্রেণীর রেজিস্ট্রেশনের অনুমতির বিলম্ব ফিস প্রতি পরীক্ষার্থী ৫ (পাঁচ) টাকা।
(ঘ) ইবতেদায়ী ৫ম শ্রেণীর পরীক্ষার ফিস ৬০ (ছাট) টাকা।
(ঙ) দাখিল ৮ম শ্রেণীর পরীক্ষার ফিস ১২০ (এক শত বিল) টাকা।
(চ) উভয় শ্রেণীর পরীক্ষার বিলম্ব ফিস প্রতি পরীক্ষার্থী ১০ (দশ) টাকা।

২০০২ সালের কৃতি পরীক্ষার সময়সূচী

তারিখ ও ধার	সকাল ১০টা হতে ১২-৩০ পর্যন্ত	বিকাল ২টা হতে ৪-৩০ পর্যন্ত
২৮-১২-২০০২ দাখিল	৫ম শ্রেণীর আরবি ৮ম শ্রেণীর কুরআন ও তাহরীম	৫ম শ্রেণীর বাংলা ৮ম শ্রেণীর বাংলা
২৯-১২-২০০২ বিবরণ	৫ম শ্রেণীর আকাফিদ ও ফিকহ ৮ম শ্রেণীর আরবি	৫ম শ্রেণীর গণিত ৮ম শ্রেণীর গণিত
৩০-১২-২০০২ সোমবার	৮ম শ্রেণীর আকাফিদ ও ফিকহ	৮ম শ্রেণীর ইংরেজী/তর্ক

ফরম গ্রহণের আবেদনের ছক (নমুনা)

মাদ্রাসার নাম :	পোস্ট :	উপজেলা :	জেলা :
ক্রমিক নং	ছাত্র/ছাত্রীর নাম	পিতার নাম	শ্রেণী
১.			
২.			
৩.			
৪.			
৫.			

মাদ্রাসা প্রধানের স্বাক্ষর ও সীল

প্রফেসর মোঃ ইউসুফ ফারুক
পরীক্ষা নিয়ন্ত্রক ও চেয়ারম্যান (অঃপ্রঃ)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন-৮৬২৫৯১৮, ৮৬২৫৯২১

পি-১৮১৪/২০০২